অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো স্টেট জুড়ে দেশের সবচেয়ে বড় সমন্বিত বাসস্থান এবং পানি পুনরুদ্ধার প্রকল্পের ঘোষণা দিয়েছেন

স্টেট জুড়ে সামুদ্রিক এবং স্বাদু পানির সংকটপূর্ণ বাসস্থানকে পুনরুদ্ধারের উদ্দেশ্যে "মা প্রকৃতিকে পুনরুজ্জীবিত করুন" (Revive Mother Nature) উদ্যোগের প্রস্তাব করে – যেটি 2020 সালের স্টেট অফ দ্যা স্টেট ভাষণের (State of the State) সময় সম্পূর্ণ উন্মোচিত হওয়ার অপেক্ষায় থাকা একটি সাহসী প্রোগ্রামের অংশ

নিউ ইয়র্ক শহরের পানি পুনরুদ্ধারে বোলস্টার স্টেটের চলমান প্রচেষ্টায় হাডসন নদীতে কয়েক হাজার ঝিনুক ছাড়ার মাধ্যমে এই উদ্যোগকে বেগবান করেছে

হাডসন নদী পার্ক ইস্টুয়ারি (Hudson River Park Estuary)তে মিলিয়ন মিলিয়ন ঝিনুক প্রবেশ করানো এবং ব্রঙ্কস নদীর সাউন্ডভিউ পার্কে শহরের বৃহত্তম প্রবালপ্রাচীর পুনরুদ্ধার করতে 2.88 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা

নতুন প্রকল্পগুলি স্টেটের সর্বাধিক শেলফিশ পুনরুদ্ধার উদ্যোগের ভিত্তিতে গড়ে উঠেছে যা পানির গুণগতমান উন্নত করে, সামুদ্রিক প্রাণের উন্নয়ন ঘটায় এবং উপকূলীয় প্রাণশক্তি বর্ধন করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে তিনি তাঁর 2020 সালের স্টেট অফ দ্যা স্টেট ভাষণে স্টেটব্যাপী জলজ বাসস্থান পুনরায় স্থাপন ও পুনরুদ্ধার করার উদ্দেশ্যে সবল, দেশকে নেতৃত্বদানকারী উদ্যোগের পরিকল্পনা প্রদান করবেন। গভর্নর–"মা প্রকৃতিকে পুনরুজ্জীবিত করুন" নামে উদ্যোগের প্রোগ্রামটিকে নিউ ইয়র্ক সিটির হাডসন রিভার পার্কের একটি ইভেন্টে – লক্ষ লক্ষ ঝিনুক পুনরায় প্রবেশ করানোর পদক্ষেপের মধ্যে একটি – হাজার হাজার পোনা শেলফিশে ভরা একটি 275 পাউন্ড গ্যাবিয়ন খাঁচার উন্মুক্তকরণের মাধ্যমে এই পার্ক থেকে ইস্টুয়ারিন অভয়ারণ্যের চার একর জমি পুনরুদ্ধারে সহায়তা করার উদ্দেশ্যে প্রাক প্রদর্শন করেছিলেন।

"অধিক গুরুত্বপূর্ণ মাছ এবং ঝিনুক পুনরুদ্ধারের প্রচেষ্টা অন্তর্ভুক্ত থাকা আমাদের নতুন জলজ বাসস্থান পুনরুদ্ধারের উদ্যোগ জানুয়ারিতে স্টেট অফ দ্যা স্টেটে সম্পূর্ণরূপে বর্ণিত হবে এবং এটিই হবে জাতীর প্রথম আর এটি হবে স্টেটব্যাপী সবচেয়ে সবল এবং সর্বাধিক প্রগতিশীল কর্মসূচি", **গভর্নর কুওমো বলেন।** "নেতৃত্ব দানের জন্য ফেডারেল সরকারের অপেক্ষায় বসে থাকা

বোকামো হবে - নিউ ইয়র্ক এখন আমাদের পরিবেশ রক্ষায় এবং আমাদের প্রাকৃতিক সম্পদের যত্ন নিতে কাজ করছে।"

নতুন কর্মসূচি জলাভূমি এবং নৌপথ রক্ষা এবং পুনরুদ্ধার করবে এবং নিউইয়র্কের 12 টি ফিশ হ্যাচারিতে ওয়ালআই, ট্রাউট, এবং স্যামনের মতো স্টেটের স্বাদুপানির স্পোর্টফিশের জনসংখ্যা বাড়ানোর জন্য গুরুত্বপূর্ণ বিনিয়োগ যুক্ত করবে এবং আগামী দশ বছরে নিউ ইয়র্ক হারবারে ঝিনুক পুনরুদ্ধার করবে এবং লং আইল্যান্ডে শেলফিশ পুনরুদ্ধারের বর্তমান উদ্যোগকে দ্বিগুণ করবে। দর্শনার্থীরা নিউ ইয়র্ককে একটি বিশ্বমানের মাছ ধরার গন্তব্য হিসাবে স্বীকৃতি প্রদান করে তা নিশ্চিত করার উদ্দেশ্যে একটি শিক্ষার উপাদান থাকবে। স্টেটের জলজ আবাসস্থল পুনরুদ্ধার জলবায়ু পরিবর্তন এবং তীব্র আবহাওয়ার মুখে কমিউনিটিগুলোকে তাদের প্রাণশক্তি বৃদ্ধি করতে সহায়তা করবে।

হাডসন নদী পার্কের ইস্টুয়ারিন অভয়ারণ্য পরিচালনা পরিকল্পনা এবং স্টেটের বিস্তৃত শেলফিশ পুনরুদ্ধার উদ্যোগকে সমর্থন করার জন্য, নিউ ইয়র্ক হারবারে সামুদ্রিক আবাস পুনরুদ্ধার করতে এবং এই সাফল্যকে অব্যাহত রাখতে ও ব্রংক্স নদীতে সাউন্ডভিউ পার্ক ঝিনুকের সম্প্রসারণের জন্য স্টেট প্রচেষ্টাকে সহায়তা করার উদ্দেশ্যে গভর্নর 2.8 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলও ঘোষণা করেছেন।

আজকের ঘোষণায় হাডসন নদী পার্কের ইস্টুয়ারিন অভয়ারণ্যে 5 থেকে 10 মিলিয়ন ঝিনুকের জন্য প্রায় পাঁচ একর উন্নত আবাসস্থল তৈরি করতে সহায়তা করার উদ্দেশ্যে 1.5 মিলিয়ন ডলারের মূলধন তহবিলের কথা অন্তর্ভুক্ত রয়েছে। এর বাইরে, ভবিষ্যৎ বাসস্থানের উন্নতিসাধনের মধ্যে থাকতে পারে রিফ বল স্থাপন, আজকে গভর্নরের দেয়া ঝুড়ি যেমন গ্যাবিয়ন ঝুড়ি, এবং জেটিগুলোর মধ্যে বাসস্থান করিডর তৈরি করার উদ্দেশ্যে পুনর্ব্যবহৃত শেল, পাশাপাশি পরিবেশগত ইটের মাধ্যমে পাইলিংকে বাঁধাই করা, তারের জাল, ঝিনুক সহ বায়ো-ঝুপড়ি। পার্কটি ইতোমধ্যেই নিউ ইয়র্ক সিটিতে ঝিনুকের খাচার সবচেয়ে বড় স্থান। এছাড়া, পার্কটি পার্কের জেটির 32টি পাইল ক্ষেত্রগুলোর পাইলিং এর চারপাশে 12টি ঝিনুক মোড়ক পৃথকভাবে পরীক্ষামূলক প্রয়োগ করেছে। শিক্ষক, শিক্ষার্থী এবং কমিউনিটি পার্কের পানিতে অবস্থিত 15টি ঝিনুক গবেষণা কেন্দ্র পর্যবেক্ষণ করতে সহায়তা করে।

"আমরা পানির গুণগতমান উন্নত ও সুরক্ষার উদ্দেশ্যে আমাদের প্রচেষ্টার অংশ হিসাবে নিউইয়র্কের সামুদ্রিক এবং স্বাদু পানির আবাস পুনরুদ্ধারে প্রতিশ্রুতিবদ্ধ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই জাতিকে নেতৃত্বদানকারী উদ্যোগটি জলাভূমি এবং নৌপথের দীর্ঘমেয়াদী গুণগত মান নিশ্চিত করতে এবং স্বাদু পানির মাছের জনসংখ্যা বৃদ্ধিতে সহায়তা করবে। স্টেটের জলজ আবাসস্থল পুনরুদ্ধার করা আমাদের প্রাণশক্তি বৃদ্ধি, জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই, এবং নিউ ইয়র্ককে মাছ ধরা এবং পর্যটনের জন্য বিশ্ব-মানের গন্তব্য হিসাবে এগিয়ে নিয়ে যাওয়ার আমাদের লক্ষ্যকে পরিপূর্ণ করে।"

2018-19 সালের 50 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বাজেট সহ উল্লেখযোগ্য স্টেট বিনিয়োগের মাধ্যমে, হাডসন নদী পার্ক ম্যানহাটনের পশ্চিম দিক রূপান্তরিত করেছে এবং নদী সরোবর ইত্যাদির সন্নিহিত শহরাঞ্চলের (Waterfront) বিপুল প্রাকৃতিক সম্পদে জনসাধারণের প্রবেশাধিকার বৃদ্ধি করেছে। কান্ট্রির সবচেয়ে দীর্ঘ নদী সন্নিহিত এই পার্কটিতে, একটি 400-একর ইস্টুয়ারিন অভয়ারণ্য রয়েছে যা জলজ আবাসস্থল সংরক্ষণ এবং উন্নত করার জন্য বহুপাক্ষিক পরিচালন পরিকল্পনা দ্বারা অনুমোদিত এবং লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসী যারা প্রতি বছর উপভোগ করে তাদের জন্য ইস্টুয়ারিন পরিবেশের সচেতনতা এবং রক্ষণাবেক্ষণের দায়িত্বের অগ্রগতিসাধনে সহায়তা করে। নিউ ইয়র্ক স্টেট-এর সঙ্গে কাজ করতে চলেছে হাডসন রিভার পার্ক ট্রাস্ট এবং এস্তায়ারীন অভয়ারণ্য ম্যানেজমেন্ট প্ল্যান নিশ্চিত করার ক্ষেত্রে তার অংশীদার সম্পূর্ণ এবং সামুদ্রিক অভয়ারণ্য সুরক্ষিত। শেলফিশ পুনরুদ্ধার কর্মসূচী এবং 2030 সালের মধ্যে অভয়ারণ্যের 50 একর জমিতে লক্ষ লক্ষ অতিরিক্ত ঝিনুক বিমুক্ত করার চূড়ান্ত লক্ষ্যের মতো উদ্যোগের বিষয়ে যে গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে সেটিকে প্রতিফলিত করতে বর্তমানে ব্যবস্থাপনা পরিকল্পনাটি আপডেট করা হচ্ছে।

এছাড়া, স্টেটের পরিবেশ সংরক্ষণ তহবিল (Environmental Protection Fund) থেকে প্রায় 1.4 মিলিয়ন মার্কিন ডলার ব্রোনস নদীর মুখে বিলিয়ন ওয়েস্টার প্রকল্পের (Billion Oyster Project, BOP) সাউন্ডভিউ পার্ক ঝিনুকের আবাস পুনরুদ্ধারকে সহায়তা করবে। নিউ ইয়র্ক সিটির বৃহত্তম এই প্রবালপ্রাচীরটি, সম্পূর্ণরূপে শেষ হলে পাঁচ একর পর্যন্ত সম্প্রসারিত হবে। এটি প্রতিদিন 30 মিলিয়ন গ্যালন জল ফিল্টারিং এবং পার্শ্ববর্তী অঞ্চলের জন্য উল্লেখযোগ্য ঝড়ের প্রতিরোধের সুরক্ষা সরবরাহ করা সহ গুরুত্বপূর্ণ পরিবেশগত সুবিধা প্রদান করবে। ছড়িয়ে দেয়া নতুন শেলফিশ গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ সহ বিলিয়ন ঝিনুক প্রকল্পের মাধ্যমে সমুদ্র অঞ্চলে ইতোমধ্যে বিমুক্ত করা 30 মিলিয়ন ঝিনুকগুলোর সাথে যুক্ত হবে। ইতিমধ্যে, এই ঝিনুকগুলো প্রায় 20 ট্রিলিয়ন গ্যালন পানি শোধনে সহায়তা করেছে, সামগ্রিক জলের গুণগতমানের উন্নতি করতে 72,500 পাউন্ড নাইট্রোজেনকে অপসারন করেছে এবং বর্জ্য হ্রাস করতে ও নতুন ঝিনুক বৃদ্ধিতে সহায়তা করতে 1.3 মিলিয়ন পাউন্ড শেল পুনর্ব্যবহার করেছে।

সাউন্ডভিউ প্রকল্পটিকে অংশীদারদের একটি জোট দ্বারা নেতৃত্ব প্রদান করা হয় যাদের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিউ ইয়র্ক বন্দর ফাউন্ডেশন (The New York Harbor Foundation), নিউইয়র্ক হারবার স্কুল (New York Harbor School), বিলিয়ন ঝিনুক প্রকল্প, হাডসন নদী ফাউন্ডেশন (Hudson River Foundation), এনওয়াই/এনজে বেকিপার (NY/NJ Baykeeper), রকিং দ্য বোট (Rocking the Boat), এনওয়াইসি পার্কস (NYC Parks), এবং ব্রঙ্কস রিভার অ্যালায়েন্স (Bronx River Alliance)। এছাড়া, প্রকল্পটি আশেপাশের স্কুল এবং কমিউনিটির কাছে ঝিনুক পুনরুদ্ধারকে কেন্দ্র করে খাঁটি, নাগরিক বিজ্ঞান সংক্রান্ত প্রতিযোগিতাগুলোতে অংশ নেওয়ার একটি অনন্য সুযোগ দেয় যা পরবর্তী পাঁচ বছরের ধরে পরিচালিত হবে। এই প্রোগ্রামটি কেবলমাত্র হাজার হাজার শিক্ষার্থীকে স্থানীয় সামুদ্রিক পরিবেশের সাথে অর্থবহ উপায়ে পরিচয় করিয়ে দেবে তাই নয়, এটি সমুদ্র বিজ্ঞান, প্রযুক্তি এবং প্রকৌশলে উচ্চ বেতনের এবং সম্মানীত কর্মজীবনের পথ তৈরি করবে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমনেটাল কনজারভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার বেসিল সেগোস বলেন, "মূলত গভর্নর কুওমো এবং বর্তমানে আমরা সমর্থন করছি এমন প্রোগ্রামগুলিতে আমাদের অনেক অংশীদারদের করা বিজ্ঞ এবং উদ্ভাবনী পরিবেশগত বিনিয়োগের কারণে নিউ ইয়র্কের জলসীমা প্রাণ বৈচিত্রে ভরপুর, যা কয়েক দশকের মধ্যে আর দেখা যায়নি। মাছ এবং ঝিনুক থাকা নিউ ইয়র্কের জলাভূমি এবং জলপথের পুনরুদ্ধার স্টেট জুড়ে কমিউনিটিগুলোকে স্বাস্থকর মাছ এবং শেলফিশ - আমাদের পানি থেকে দূষণ পরিশোধন থেকে শুরু করে, উপকূলীয় ঝড়ের নেতিবাচক প্রভাবের বিরুদ্ধে অতিরিক্ত প্রাণশক্তি দেয়ার মত - যে চমৎকার উপকারীতাগুলো প্রদান করতে পারে তা সরবরাহ করার একটি কার্যকর পথ।"

স্টেটের পার্কস (State Parks)-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "আমাদের জলজ বাসস্থান পুনরুদ্ধার করা পূর্বের যেকোনো সময়ের চাইতে অনেক বেশি গুরুত্বপূর্ণ এবং গভর্নর কুওমোকে ধন্যবাদ যার কারনে এটি আরও বেশি করে জনসাধারণের স্বীকৃতি অর্জন করছে। স্টেট পার্ক ও ঐতিহাসিক স্থান এম্পায়ার স্টেট (Empire State) জুড়ে অনেক মূল্যবান ও বৈচিত্র্যপূর্ণ উদ্ভিদ, প্রাণী ও প্রজাতির বাসস্থান প্রদান করে। এই প্রাকৃতিক প্রক্রিয়াগুলোর পুনরুদ্ধার আমাদের পার্ক এবং কমিউনিটির জন্য গুরুত্বপূর্ণ পরিবেশগত পরিষেবা নিয়ে আসে। এই বৈচিত্র্যময় সম্পদগুলোকে আমাদের রক্ষা করা গুরুত্বপূর্ণ, যাতে করে তারা বাস্তুতন্ত্রে এই মূল্যবান অবদান বজায় রাখতে পারে।"

সামুদ্রিক আবাস পুনরুদ্ধার, পানির গুণগতমান উন্নত করা, উপকূলীয় প্রাণশক্তি বৃদ্ধি এবং স্থানীয় অর্থনীতিকে সহায়তা করার উদ্দেশ্যে এই তহবিল এবং ঝিনুক বিমুক্তকরণ হল স্টেটের অত্যন্ত গুরুত্বপুর্ণ শেলফিশ পুনরুদ্ধারের প্রচেষ্টার সর্বশেষতম উপাদান। 179 মিলিয়ন পর্যন্ত স্থানীয়ভাবে বড় হওয়া এবং চাষকৃত শেলফিশ, পোনা এবং পূর্নবয়ষ্ক শেলফিসের মজুদের পাঁচটি অভয়ারণ্য প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে গভর্নরের 10.4 মিলিয়ন মার্কিন ডলারের লং আইল্যান্ড শেলফিশ পুনরুদ্ধার প্রকল্প (Long Island Shellfish Restoration Project, LISRP) স্থাপনের কাজও চলছে। কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension), স্টনি ব্রুক বিশ্ববিদ্যালয় (Stony Brook University), পৌরসভা ও স্বেচ্ছাসেবক সংস্থার সহযোগিতায় লং আইল্যান্ড শেলফিশ পুনরুদ্ধার প্রকল্প ডিপার্টমেন্ট অব এনভায়রনমনেটাল কনজারভেশনের নেতৃত্বে পরিচালিত হচ্ছে এবং ইতোমধ্যে লং আইল্যান্ডের একটি শেলফিশ অভয়ারণ্যে লক্ষ লক্ষ পোনা এবং প্রাপ্তবয়স্ক ক্ল্যাম এবং ঝিনুক বিমুক্তকরণে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। তারা পানির গুণগতমান উন্নত করতে, ক্ষতিকারক শৈবালের উন্মেষকে প্রশমন করতে, দেশীয় শেলফিশের জনসংখ্যা পুনরুদ্ধারে, জীববৈচিত্র্য বৃদ্ধিতে এবং উপকূলীয় সম্প্রদায়ের প্রাণশক্তিতে উৎসাহ প্রদানের জন্য কাজ করে। এছাড়া, ঝুঁকিপূর্ণ অল্পবয়ষ্ক লোকেদের জন্য জামাইকা বে (Jamaica Bay)-তে উপকূল এবং বাসস্থান পুনরুদ্ধার প্রচেষ্টা সম্পর্কে জানার সুযোগ বৃদ্ধি এবং 9,500 এরও বেশী শিক্ষার্থীদেরকে ঝিনুকের বাসস্থান পুনরুদ্ধার ও স্ট্যাটান আইল্যান্ড লিভিং ব্রেকওয়াটারস প্রজেক্ট (Staten Island Living Breakwaters Project)-র সাথে পরিচিত করিয়ে দেয়ার মাধ্যমে গভর্নরের গুরুত্বপূর্ণ ব্রুকলিন উদ্যোগের (Vital Brooklyn) অংশ হিসেবে, স্টেট তহবিলের 200,000 মার্কিন ডলার, বিলিয়ন ঝিনুক প্রকল্প-এর স্কুল-ভিত্তিক পাঠ্যসুচি সম্প্রসারণে সাহায্য করছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন